বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ ঢাকা
অডিট বিভাগ
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩৩.০১.৪৭৩.১৯.৫৬২

তারিখ: ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়: **অডিট পর্যালোচনা সভার নোটিশ।**

আগামী ০৭/০১/২০২০ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.৩০ টায় সংস্থার সম্মেলন কক্ষে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ৯৭তম অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

১। গত ০৫/১১/১৯ তারিখের ৯৬তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ প্রসংগ।
২। বিভাগওয়ারী মাসিক অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠান প্রসংগ।
৩। সংস্থার ১৯৭৭-৭৮ হতে ২০১২-২০১৩ সাল পর্যন্ত সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।
৪। বাণিজ্যিক অডিট আপত্তির অমিমাংসিত সাধারণ/অগ্রিম আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।
৫। সর্বশেষ বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ সংক্রান্ত।
৬। অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।
৭। দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত।
৮। একই প্রকৃতির বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।
৯। বিবিধ

৩১-১২-২০১৯
মোহাম্মাদ মোয়াজ্জেম হোসেন
নিয়ন্ত্রক
ফোন: ৯৫৫২৫৫২

.......................বিভাগীয় প্রধান (সকল) , বিএডিসি।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩৩.০১.৪৭৩.১৯.৫৬২/১(৬)

তারিখ: ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
২) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

৩১-১২-২০১৯
শহিদুল্লাহ আহমেদ
যুগ্ম-নিয়ন্ত্রক

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

# হিসাব পরীক্ষণ বিভাগ

# ৯৭তম অডিট পর্যালোচনা সভা

# ০৭ জানুয়ারী, ২০২০

## আলোচ্য বিষয়ঃ ১

**বিগত ০৫ নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৯৬তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।**

বিগত সভার কার্যবিবরণী ৭ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া কার্যবিবরণীটি সংস্থার ওয়েবসাইটে দেয়া হয়েছে। জারিকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি।

গত সভার কার্যবিবরণী অদ্য সভায় দৃঢ়ীকরণ করা যেতে পারে।

## আলোচ্য বিষয়ঃ ২

বিভাগওয়ারী অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠান প্রসঙ্গ।

| সিদ্ধান্তঃ | অগ্রগতি |
|---|---|
| প্রতি মাসে উইং প্রধানগণ তার আওতাধীন বিভাগসমূহের সকল অনিষ্পন্ন আপত্তির শ্রেণীবিন্যাস করে নিষ্পিত্তর লক্ষ্যে গৃহিত কার্যক্রম সভায় পর্যালোচনা করবেন। সভার কার্যবিবরণী অডিট বিভাগে প্রেরণ করতে হবে। প্রতি দুইমাস অন্তর চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অগ্রগতি নিয়ে পর্যালোচনা সভা করা হবে। | ৯৬ তম সভার সিদ্ধান্তের আলোকে সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), সদস্য পরিচালক (সার ব্যস্থাপনা) মহোদয়ের সভাপিতত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রশাসন উইং- এর সকল বিভাগের আপত্তি নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ও কার্যবিবরণী পাওয়া গেছে। এছাড়াও হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, ক্ষুদ্রসেচ, আলুবীজ, খামার, কঃগ্রোঃ, বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগে বিভাগওয়ারী অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |

## আলোচ্য বিষয়ঃ ৩

সংস্থার ১৯৭৭-৭৮ হতে ২০১২-২০১৩ সাল পর্যন্ত সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।

| সিদ্ধান্তঃ | | অগ্রগতি: |
|---|---|---|
| ৩। সংযুক্ত পরিশিষ্ট অনুযায়ী সংশ্লিষ্ট সকল বিভাগের অনিষ্পন্ন সংকলনভুক্ত অনুচ্ছেদের কার্যপত্র এবং পেন্ডিং পুনঃ জবাব আগামী সভার পূর্বেই অডিট বিভাগে প্রেরণ করবে।<br><br>যে সকল আপত্তির পুনঃ জবাব/কার্যপত্র প্রেরণে জটিলতা রয়েছে তা সংশ্লিষ্ট উইং প্রধানের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা নিবেন। দায়িত্ব গ্রহন/হস্তান্তরের ক্ষেত্রে নথিপত্র রেজিস্ট্রারের তালিকা সংশ্লিষ্টদের বুঝিয়ে দিতে হবে। এ বিষয়ে একটি প্রশাসনিক আদেশ জারি করতে হবে। | ৩.১ | ৯৬তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যান উন্নয়ন বিভাগ হতে ১টি কার্যপত্র পাওয়া গেছে। এবং ৭টি বিভাগ হতে মোট ১৩টি সংকলনভুক্ত অডিট আপত্তির পুনঃজবাব পাওয়া গেছে। প্রাপ্ত জবাব পর্যালোচনাপূর্বক ৪টি আপত্তির পুনঃজবাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-১)। বিভাগওয়ারী সংকলনভুক্ত অনুচ্ছেদের বিস্তারিত তালিকা (পরিশিষ্ট-২) দেয়া হলো। |

## আলোচ্য বিষয়ঃ ৪

**বাণিজ্যিক অডিট আপত্তির অমীমাংসিত সাধারণ/অগ্রিম আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।**

| সিদ্ধান্তঃ | অগ্রগতি: |
|---|---|
| ৪। মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরের বাণিজ্যিক অডিটের অনিষ্পন্ন আপত্তিগুলো তালিকা করে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে নভেম্বর'১৯ মাসের মধ্যে মিলকরণ করতে হবে। আপত্তির কপি পাওয়া না গেলে স্থানীয় অফিস প্রধান কর্তৃক বাণিজ্যিক অডিটের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় হতে সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত ৫০০০/- টাকার যে সকল আপত্তির প্রতিবেদন রয়েছে তার জবাব/কার্যপত্র আগামী সভার পূর্বেই অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি সর্বাধিক অগ্রাধিকার দিতে হবে। অডিটকালিন সময়ে আপত্তি যাতে উত্থাপিত না হয় সেদিকে সতর্ক থাকতে হবে। | ৪.সিদ্ধান্তের প্রেক্ষিতে কোন মিলিকরণ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।<br>বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জবাব এবং কার্যপত্র প্রেরণের মাধ্যমে নভেম্বর ও ডিসেম্বর/১৯ মাসে ৮০টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। নভেম্বর ও ডিসেম্বর/১৯ মাসে সর্বমোট ৮টি অনুচ্ছেদ নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। এছাড়াও ৩১টি আপত্তির জবাব ও কার্যপত্র নিষ্পত্তির লক্ষ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-৩)।<br><br>বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উইং-ওয়ারী প্রাপ্ত সাধারণ ৩৯টি ও অগ্রিম ৫০টি কার্যপত্রের তালিকা (পরিশিষ্ট-৪)। এছাড়াও নভেম্বর ও ডিসেম্বর/১৯ মাসে দ্বিপক্ষীয় সর্বমোট ৭টি এবং ত্রিপক্ষীয় ৩টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত দ্বিপক্ষীয় সভায় ১৭৫টি অনুচ্ছেদ আলোচনার বিপরীতে ৮৯টি এবং ত্রিপক্ষীয় সভায় ৫৯ টি অনুচ্ছেদ আলোচনার প্রেক্ষিতে ৩৮ টি অনুচ্ছেদ নিষ্পত্তির সুপারিশ করা হয় (পরিশিষ্ট-৫)।<br><br>অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তির তালিকা অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যে জবাব/ কার্যপত্র প্রয়োজন তার তালিকা (পরিশিষ্ট-৬)। |

## আলোচ্য বিষয়ঃ ৫

সর্বশেষ বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ সংক্রান্ত।

| সিদ্ধান্তঃ | অগ্রগতি |
|---|---|
| ৫। গত সভার ২০১৬-১৭ নিরীক্ষা বছরের যে সকল অফিসের উত্থাপিত আপত্তির জবাব এখনো দেয়া হয়নি তা আবশ্যিকভাবে আগামী ১৫ই নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে নিষ্পত্তি সহায়ক ব্রডশিট জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে। | গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক ২০১৬-১৭ নিরীক্ষা বছরে উত্থাপিত পেন্ডিং ৬৬টি ব্রডশীট জবাবের মধ্যে ৬৫টি জবাব পাওয়া গেছে । অবশিষ্ট ১টি আপত্তির জবাব পাওয়া যায়নি। যে সকল অফিসের জবাব পাওয়া যায়নি তার তালিকা উপস্থাপন করা হলো (পরিশিষ্ট-৭)। |

## আলোচ্য বিষয়ঃ ৬
## অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।

| সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|
| ৬। বিভাগওয়ারী আপত্তির শতকরা ১০ ভাগ আপত্তির জবাব/কার্যপত্র আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণপূর্বক নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করতে হবে। | ৬. বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে তালিকায় বর্ণিত ১১টি বিভাগ হতে বিভিন্ন নিরীক্ষা বছরের মোট ২২৬টি অনুচ্ছেদের ব্রডশীট জবাব পাওয়া গিয়েছে (পরিশিষ্ট-৮ক)। প্রাপ্ত ব্রডশীট জবাবের আলোকে এবং বিগত সভার পূর্বে প্রাপ্ত অনুচ্ছেদসহ ৭২ টি অনুচ্ছেদ নিষ্পত্তি করা হয়েছে এবং ১৮ টি অনুচ্ছেদ পুণঃজবাবের জন্য ফেরত প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১৬৬টি অনুচ্ছেদ নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, ১৮টি বিভাগ এর ২০০০ থেকে ২০১৮ নিরীক্ষা বছর পর্যন্ত অভ্যন্তরীণ অডিট আপত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা হয়েছে এবং সংশ্লিষ্ট বিভাগ সমূহে ইমেইলে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-৮খ)। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্তে ব্রডসীট জবাব /কার্যপত্র প্রয়োজন। |

## আলোচ্য বিষয়ঃ ৭
## দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত।

| সিদ্ধান্তঃ | অগ্রগতি: |
|---|---|
| ৭। দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে পুনঃ জবাবের শতকরা ১০ (দশ) ভাগ পুনঃজবাব আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণ করতে হবে। | দ্বিপক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে কঃগ্রোঃ হতে ৫টি, ক্ষুদ্রসেচ হতে ১৫টি, আলুবীজ হতে ১৩টি, উদ্যান উন্নয়ন হতে ৭টি, সব্জী বীজ হতে ৩টি বীঃপ্রঃ হতে ৬টি সহ মোট ৪৮টি পুনঃজবাব পাওয়া গেছে যা বাণিজ্যিক অডিট অধিদপ্তর এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-৯)। |

## আলোচ্য বিষয়ঃ ৮
একই প্রকৃতির বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ।

| সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|
| ৮.১। একই প্রকৃতির শ্রেণীবিন্যাসকৃত বাণিজ্যিক অডিট আপত্তির তালিকা প্রস্তুতের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৮.২। বাজেট অতিরিক্ত খরচের ভূতাপেক্ষ অনুমোদন নিয়ে জবাব/কার্যপত্র অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br>৮.৩। ভ্যাট ও আয়কর সংক্রান্ত আপত্তির জবাব/কার্যপত্র আগামী ডিসেম্বর/১৯ মাসের মধ্যে অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br>৮.৪ পুরাতন অকেজো মালামাল বিক্রির ব্যবস্থা নিয়ে প্রমাণাদিসহ জবাব দিতে হবে। ক্ষুদ্রসেচ উইং-এর এ ধরণের আপত্তিগুলো অফিসভিত্তিক বিক্রির ব্যবস্থা নিতে হবে।<br>৮.৫ আলুবীজ ঘাটতি ও বীজ ঘাটতি সংক্রান্ত আপত্তিগুলোর বিষয়ে সংশ্লিষ্ট আলুবীজ বিভাগ ও বীজ বিতরণ বিভাগ কর্তৃক নিষ্পত্তির ব্যবস্থা নিবেন। প্রয়োজনে উইং-প্রধানের পরামর্শ গ্রহণ করবেন। | ৮.১ বাণিজ্যিক অডিট আপত্তিগুলোকে ২২টি শ্রেণীতে বিভক্ত করে সর্বমোট ৪,৯৩৭টি আপত্তির দপ্তর ভিত্তিক তালিকা প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-১০)। এছাড়াও ক্ষুদ্রসেচ উইং এর আওতাধীন সেচযন্ত্রের ভাড়া ও মূল্য অনাদায়ী সংক্রান্ত সর্বমোট ১,৩৯৩টি অডিট আপত্তি রয়েছে।<br>৮.২ সিদ্ধান্তের প্রেক্ষিতে ২টি কার্যপত্র/জবাব পাওয়া গেছে (পরিশিষ্ট-১১)।<br>৮.৩ সিদ্ধান্তের প্রেক্ষিতে ৩টি কার্যপত্র/জবাব পাওয়া গেছে (পরিশিষ্ট-১২)।<br>৮.৪ সিদ্ধান্তের প্রেক্ষিতে ১টি কার্যপত্র/জবাব পাওয়া গেছে (পরিশিষ্ট-১৩)।<br>৮.৫ সিদ্ধান্তের প্রেক্ষিতে কোন কার্যপত্র/জবাব পাওয়া যায়নি । |

## আলোচ্য বিষয়ঃ ৯
## বিবিধঃ

০৫/০৮/২০২০

মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
নিয়ন্ত্রক (অডিট) চঃ দাঃ
অডিট বিভাগ, বিএডিসি, ঢাকা।